

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, মে ২৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ মে, ২০১৫

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৯৮.২০১৫-৬১৭—যেহেতু, এ্যাড মোঃ সাখাওয়াত হোসেন, চেয়ারম্যান, নলডাঙ্গা উপজেলা পরিষদ, নাটোর-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-১৭/১২ (নলডাঙ্গা), তারিখ : ২৮/৪/১২-এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক এ্যাড মোঃ সাখাওয়াত হোসেন, চেয়ারম্যান, নলডাঙ্গা উপজেলা পরিষদ, নাটোর-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩খ(১) ধারা অনুসারে নাটোর জেলার নলডাঙ্গা উপজেলা পরিষদ চেয়ারম্যান এ্যাড মোঃ সাখাওয়াত হোসেনকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. জুলিয়া মঈন

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৩৬৩৭)

মূল্য : টাকা ৪.০০